



# খুলনা পাবলিক কলেজ

ফোন: ০২৪৭৭৭০১৩৩৯, E-mail: kpcbd.org@gmail.com, Website: www.kpcbd.edu.bd



বরাবর

অধ্যক্ষ / প্রধান শিক্ষক

.....

.....

খুলনা।

বিষয়: বার্ষিক বিজ্ঞান উৎসব ২০২৬- এ অংশগ্রহণ প্রসঙ্গে।

আসসালামু আলাইকুম।

খুলনা পাবলিক কলেজের পক্ষ থেকে আপনি ও আপনার প্রতিষ্ঠানকে শুভেচ্ছা জানাচ্ছি।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, খুলনা পাবলিক কলেজ ২০২৪ সালে প্রথম বার্ষিক বিজ্ঞান উৎসব খুলনা শহরের অর্ধ-শতাব্দিক প্রতিষ্ঠানের অংশগ্রহণে যথাযথ উৎসাহ উদ্দীপনায় অত্যন্ত সাফল্যের সাথে উদযাপন করে। এরই ধারাবাহিকতায় খুলনা পাবলিক কলেজ আগামী ২৬, ২৭ ও ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি. দ্বিতীয় বিজ্ঞান উৎসব উদযাপনের প্রস্তুতি গ্রহণ করছে।

আপনার প্রতিষ্ঠানটি খুলনা শহরের একটি অত্যন্ত স্বনামধন্য প্রতিষ্ঠান। সুপরিচিত আপনার এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে অধিকতর বিজ্ঞানমনস্ক করে গড়ে তোলার জন্য এবং বিজ্ঞান চর্চাকে প্রসারিত করার লক্ষ্যে খুলনা পাবলিক কলেজ আয়োজিত এই বিজ্ঞান উৎসবে আপনার শিক্ষার্থীদের অংশগ্রহণ খুলনা পাবলিক কলেজ আন্তরিকভাবে কামনা করছে। আপনার শিক্ষার্থীদের প্রকল্প উপস্থাপনসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ খুলনা পাবলিক কলেজের বিজ্ঞান উৎসবকে সাফল্যমন্ডিত করবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। আমাদের এই আয়োজনের বিস্তারিত তথ্য ও রেজিস্ট্রেশন ফরমসমূহ সংযুক্ত হল।

প্রতিষ্ঠান প্রধান হিসাবে আপনি এবং আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষিকাবৃন্দকে উক্ত আয়োজন উপভোগের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। একই সাথে আপনার প্রতিষ্ঠানের প্রতিযোগীদের রেজিস্ট্রেশন (বিনামূল্যে) সম্পন্ন করা ও প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য সকল শিক্ষার্থীদের দর্শনার্থী হিসাবে অংশগ্রহণের লক্ষ্যে উদ্বুদ্ধকরণের সদয় সহযোগিতা কামনা করছি।

আপনার ও আপনার প্রতিষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে –

লে কর্নেল মুনির আব্বাস, পিএসসি, পদাতিক

অধ্যক্ষ

খুলনা পাবলিক কলেজ

খুলনা।



# খুলনা পাবলিক কলেজ

ফোন: ০২৪৭৭৭০১৩৩৯, E-mail: kpcbd.org@gmail.com, Website: www.kpcbd.edu.bd



সূত্র:

তারিখ:

## বার্ষিক বিজ্ঞান উৎসব-২০২৬

### ক. সাধারণ নির্দেশনা:

- গ্রুপ বিভাজন: ক-গ্রুপ : ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি, খ-গ্রুপ: নবম ও দশম শ্রেণি, গ-গ্রুপ: একাদশ ও দ্বাদশ শ্রেণি
- গ্রুপ ও ইভেন্ট ভিত্তিক ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে আকর্ষণীয় পুরস্কার ও সনদ প্রদান করা হবে।
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ব্যবস্থাপনায় কলেজ মাঠে শক্তিশালী টেলিস্কোপের মাধ্যমে মহাকাশ পর্যবেক্ষণ, বিজ্ঞান ভিত্তিক থ্রিডি সিনেমা ও ভ্রাম্যমান যাদুঘর প্রদর্শন করা হবে।
- বিজয়ী নির্ধারণের ক্ষেত্রে নির্ধারিত বিচারকমণ্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- একাধিক অংশগ্রহণকারীর প্রাপ্ত নম্বর সমান হলে লটারীর মাধ্যমে স্থান নির্ধারণ করা হবে।
- ২০/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য সংযুক্ত ফরমে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকটে জমা দিতে হবে।

### খ. বিভিন্ন প্রতিযোগিতার নিয়মাবলী:

#### ১. উদ্ভাবনী আইডিয়া/ প্রকল্প প্রদর্শন:

- স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগ, কৃষি ইত্যাদি সহ বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে বিরাজমান সমস্যার সমাধান সম্পর্কিত যেকোন বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক আইডিয়া বা প্রকল্প প্রদর্শন করা যাবে।
- প্রকল্পের বিষয় মৌলিক, অভিনব ও যুৎসই হতে হবে। এক্ষেত্রে ছাত্রদের ধারণাকে প্রাধান্য দিতে হবে।
- প্রতিটি প্রকল্পে একই বিভাগের সর্বোচ্চ ০৩ জন ছাত্রকে সংযুক্ত করা যাবে। একাধিক প্রকল্পে একজন ছাত্রকে কোন ক্রমেই সংযুক্ত করা যাবে না।
- দেশীয়, অপ্রচলিত বা অব্যাহত দ্রব্য সামগ্রী জনকল্যাণ মূলক ব্যবহারের ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে। সহজলভ্য পণ্য প্রকল্পের উপকরণ হিসেবে ব্যবহারের জন্য উৎসাহিত করতে হবে। ব্যয়বহুল প্রকল্প গ্রহণ করা যাবে না।
- প্রতিটি প্রকল্পের জন্য একজন বিজ্ঞান বিষয়ের শিক্ষক গাইড হিসেবে দায়িত্ব পালন করবেন।

#### ২. বিষয়ভিত্তিক অলিম্পিয়াড:

- প্রতিটি গ্রুপের জন্য নির্ধারিত গণিত, পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, জীববিজ্ঞান, কৃষিবিজ্ঞান ও আইসিটি অলিম্পিয়াডে শিক্ষার্থীরা সংযুক্ত সময়সূচী অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

#### ৩. রুবিক্স কিউব প্রতিযোগিতা:

- রুবিক্স কিউব প্রতিযোগিতায় সর্বনিম্ন সময়ের ভিত্তিতে গ্রুপভিত্তিক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করা হবে।
- প্রতিযোগীকে রুবিক্স কিউব সাথে আনতে হবে।

#### ৪. সডোক প্রতিযোগিতা:

- ১ থেকে ৯ পর্যন্ত মোট ৯ টি সংখ্যা ব্যবহার করে ছকটি পূরণ করতে হবে।
- কোন সারি বা কলামে একই সংখ্যা পুনরাবৃত্তি করা যাবে না।
- প্রতি গ্রুপ থেকে নির্ভুলভাবে কম সময়ে যে ছকটি পূরণ করতে পারবে তাকে বিজয়ী ঘোষণা করা হবে।

#### ৫. কম্পিউটারভিত্তিক সমস্যা সমাধান:

- খুলনা পাবলিক কলেজের কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিতব্য গ্রুপ ক এর শিক্ষার্থীরা Word Processing, গ্রুপ খ এর শিক্ষার্থীরা Ms-Excel calculation এবং গ্রুপ গ এর শিক্ষার্থীরা C Programming প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- প্রত্যেক গ্রুপের শিক্ষার্থীরা নিজ নিজ সমস্যা সমাধানের জন্য ৩০ মিনিট সময় পাবে।

#### ৬. বিজ্ঞান বিষয়ক রচনা:

- গ্রুপভিত্তিক রচনার বিষয় তাৎক্ষণিক নির্ধারণ করা হবে এবং রচনা লেখার জন্য ৬০ মিনিট সময় বরাদ্দ করা হবে।
- বিষয়ের গভীরতা, তথ্যের সন্নিবেশ, রচনা শৈলির প্রকাশ ও ভাষার প্রাঞ্জল্যতা বিচার করে বিজয়ী ঘোষণা করা হবে।

#### ৭. বিজ্ঞান বিষয়ক উপস্থিত বক্তৃতা :

- বক্তৃতার বিষয় তৎক্ষণাত্ দৈবচয়নের ভিত্তিতে নির্ধারিত হবে এবং সর্বোচ্চ পাঁচ মিনিটের মধ্যে বক্তৃতা শেষ করতে হবে।
- বক্তৃতায় শব্দ চয়ন, উচ্চারণ ভঙ্গি, বিষয়ভিত্তিক জ্ঞান ও তথ্যের উপস্থাপনার ভিত্তিতে বিচার করে বিজয়ী ঘোষণা করা হবে।

যোগাযোগ :

ফোন: ০২৪৭৭৭০৩৩৮৭

মোবাইল নং- ০১৭১৫০৭৮৪৪৮

লে কর্নেল মুনির আব্বাস, পিএসসি, পদাতিক  
অধ্যক্ষ

খুলনা পাবলিক কলেজ, খুলনা।



# খুলনা পাবলিক কলেজ



ফোন: ০২৪৭৭৭০১৩৩৯, E-mail: kpcbd.org@gmail.com, Website: www.kpcbd.edu.bd